# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩০৮

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ নিশ্চয়ই পানি না পাওয়া ব্যক্তির জন্য পবিত্র মাটিই হলো ওযূর বিকল্প ব্যবস্থা, যদিও কয়েক বছর পর্যন্ত পানি না পায়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الصَّعِيدَ الطَّيِّبَ وُضُوءُ الْمُعْدِمِ الْمَاءَ وَإِنْ أَتَى عَلَيْهِ سِنُونَ كَثِيرَةٌ

আরবী

1308 ـ أَخْبَرَنَا شَبَابُ بْنُ صَالِحٍ قَالَ: حَدَّثَنَا وَهْبُ بْنُ بَقِيَّةَ قَالَ: أَخْبَرَنَا خَالِدٌ عَنْ خَالِدٍ عَنْ أَبِي قِلَابَةَ عَنْ عَمْرِو بْنِ بُجْدَانَ عَنْ أَبِي ذَرٍّ قَالَ: اجْتَمَعَتْ غُنَيمَةٌ عِنْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فقال: (يَا أَبَا ذَرّ ابْدُ فِيهَا) قَالَ: فَبَدَوْتُ فِيهَا إِلَى الرَّبَذَةِ فَكَانَتْ تُصِيبُنِي الْجَنَابَةُ فأَمْكُثُ الْخَمْسَ وَالسِّتَّ فَدَخَلْتُ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (أَبُو ذَرّ) فسكتُّ ثُمَّ قَالَ: (أَبُو ذرٍّ ثَكِلَتْكَ أُمُّكَ) فَأَخْبَرْتُهُ فَدعَا بِجَارِيَةٍ سَوْدَاءَ فَجَاءَتْ بِعُسٍّ مِنْ مَاءٍ فَسَتَرَتْنِي وَاسْتَتَرْتُ بِالرَّاحِلَةِ فَاغْتَسَلْتُ فَكَأَنَّهَا أَلْقَتْ عَنِّي جَبَلًا فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (الصَّعِيدُ الطَّيِّبُ وَضُوءُ الْمُسْلِمِ وَلَوْ إِلَى عَشْرِ سِنِينَ فَإِذَا وجدت الماء فأَمْسِسْهُ بجلدك فإن ذلك خير)

الراوي : أَبُو ذرٍّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1308 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৩০৮. আবূ যার্র রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে সাদাকার কিছু ছাগল জমা হলে তিনি বলেন, “হে আবূ যার্র, তুমি এগুলি নিয়ে মাঠে যাও।” আবূ যার্র রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “ফলে আমি সেগুলো নিয়ে রাবাযাহ নামক জায়গায় যাই। অতঃপর আমি জুনুবী হয়ে যাই, তারপর আমি সেখানে ৫/৬ দিন অবস্থান করি অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে প্রবেশ করি।” তিনি আমাকে বলেন, “হে আবূ যার্র”, আমি চুপ থাকি। তারপর তিনি আবার বলেন, “হে আবূ যার্র, তোমার মা তোমাকে হারিয়ে ফেলুক (অথবা তোমার মায়ের জন্য দুঃখ)।” অতঃপর আমি তাকে আমার বৃত্তান্ত জানালাম।

ফলে তিনি কালো বর্ণের এক দাসীকে ডাকলেন অতঃপর সে এক পাত্র পানি নিয়ে আসলো। সে আমার এক দিকে পর্দা করলো আমিও আরেক দিকে আমার বাহন রেখে ঢেকে নিলাম এবং গোসল করে নিলাম। অতঃপর আমার মনে হলো যেন আমার থেকে একটি পাহাড় সরে গেলো। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “পবিত্র মাটি মুসলিম ব্যক্তির ওযূ, যদিও দশ বছর পর্যন্ত পানি না পাওয়া যায়। অতঃপর যখন তুমি পানি পাবে, তখন তা তোমার শরীরে বুলিয়ে নিবে (অর্থাৎ গোসল করে নিবে)। কেননা এটিই হলো উত্তম।”[1]

## ফুটনোট

[1] আবূ দাঊদ: ৩৩২; হাকিম: ১/১৭০; সুনান বাইহাকী: ১/২২০; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৯১৩; মুসনাদ আহমাদ: ৫/১৫৫; তিরমিযী: ১২৪; নাসাঈ: ১/১৭১; দারাকুতনী: ১/১৮৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১৫৬; আত তায়ালিসী: ৪৮৪।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৩৫৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90622

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন